# নাটোরে প্রাইভেটকারে তুলে অপহরণের চেষ্টা, খেলনা পিস্তলসহ দুজন আটক



সংগৃহীত ছবি

ফেসবুক–ইউটিউব কনটেন্ট নিয়ে বিরোধের জেরে নাটোরে এক যুবককে প্রাইভেটকারে তুলে অপহরণের চেষ্টা করা হয়। কানাইখালি এলাকায় স্থানীয়দের সহায়তায় দুই অপহরণকারী ধরা পড়লেও আরও দুজন পালিয়ে যায়।

নাটোর সদর উপজেলায় অপহরণের নাটকীয় ঘটনায় ইমরান নামে এক যুবককে প্রাইভেটকারে তুলে নেওয়ার চেষ্টা করে একটি চক্র। এসময় তারা ইমরানের মাথায় খেলনা পিস্তল ঠেকিয়ে ভয়ভীতি দেখায়। স্থানীয়দের তৎপরতায় দুইজনকে আটক করা সম্ভব হয়, তবে আরও দুইজন পালিয়ে গেছে।

ঘটনাটি ঘটে শনিবার (২৩ আগস্ট) রাত সাড়ে ৯টার দিকে উপজেলার কানাইখালি এলাকায়। আটক দুজন হলেন বড়াইগ্রাম উপজেলার জোয়ারী গ্রামের শহিদুল ইসলামের ছেলে ওয়াদুদ হোসেন শিহাব এবং গুরুদাসপুর উপজেলার সোনাবাজু গ্রামের দুলু মিঞার ছেলে মো. রাব্বানী। তাদের কাছ থেকে একটি প্রাইভেটকার ও একটি খেলনা পিস্তল উদ্ধার করেছে পুলিশ।

LENS ASIA

অতিরিক্ত পুলিশ সুপার ইফতে খায়ের আলম বলেন, “ফেসবুক থেকে ভিডিও ডাউনলোড করে ইউটিউবে আপলোড করা নিয়ে ভুক্তভোগী ইমরানের সঙ্গে আসামিদের বিরোধ চলছিল। এর জের ধরেই তারা পরিকল্পিতভাবে ইমরানকে বড় হরিশপুর বাস কাউন্টারে ডেকে আনে। এরপর প্রাইভেটকারে তুলে জোরপূর্বক নিয়ে যাওয়ার চেষ্টা করে।”

গাড়িটি যখন কানাইখালি এলাকায় পৌঁছায়, তখন ইমরানের চিৎকারে স্থানীয়রা গাড়ি থামিয়ে দেয়। উপস্থিত জনতা গাড়ির ভেতর থেকে দুইজনকে আটক করে পুলিশের হাতে তুলে দেয়।

পুলিশ জানিয়েছে, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে এবং পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।